

Bodystretch Bangladesh Ltd.

Corporate Social Responsibility Policy যৌথ সামাজিক দায়িত্ব নীতিমালা

মূলনীতি:

বডিস্ট্রেচ বাংলাদেশ লি: ব্যাপক ও বিস্তৃত পরিসরে এর সামাজিক দায়দায়িত্বসমূহ পালন অব্যাহত রেখেছে।
বডিস্ট্রেচ বাংলাদেশ লি: একাধিক দাতব্য কার্যক্রমে অংশগ্রহণ করে, শিক্ষার বিস্তারে উদ্যোগ গ্রহণ এবং সমর্থন করে ও প্রতিদিনের কার্যক্রমে পরিবেশগত বিষয়সমূহ বিবেচনা করে থাকে।

লক্ষ্য:

এই নীতির উদ্দেশ্য এই যে, বডিস্ট্রেচ বাংলাদেশ লি: যে ব্যবসায়িক কার্যক্রম পরিচালনা করে তা সামাজিক ও পরিবেশের উপর ক্ষতিকর প্রভাবসমূহ হ্রাস করণে প্রতিনিয়ত কাজ করে যাচ্ছে। এই নীতিমালা স্পষ্টভাবে বডিস্ট্রেচ বাংলাদেশ লি: এর পক্ষে এর সামাজিক দায়িত্বসমূহের উদ্দেশ্য নির্ধারণ করে এবং সকলের সামাজিক দায়িত্বসমূহের সঠিক নির্দেশনা প্রদান করে থাকে।

প্রযোজ্যতা:


এই নীতিমালা কোম্পানীর সকল পরিচালক, ব্যবস্থাপক, নির্বাহী এবং কর্মচারীদের জন্য প্রযোজ্য। সকল কন্ট্রোলার, সাবকন্ট্রোলার এবং অন্যান্য ব্যক্তিসমূহকে বডিস্ট্রেচ বাংলাদেশ লি: এর এই নীতিমালা সম্পর্কে অবগত করাতে হবে। সাপ্লাই চেইন এর সকল স্টেকহোল্ডারগন কে তাদের স্ব-স্ব ব্যবসায়িক কার্যক্রমে এই নীতি প্রয়োগ করতে উৎসাহিত করা।

পটভূমি:

বডিস্ট্রেচ বাংলাদেশ লি: পরিবেশগত অনুশীলন, পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা সুনিশ্চিতকরণে প্রতিশ্রুতিবদ্ধ।
বডিস্ট্রেচ বাংলাদেশ লি: ব্যবসায়িক কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে সকল আইনকানুন এবং নীতি অনুসরণ করে থাকে। পরিবেশের সুরক্ষার মাধ্যমে স্টেকহোল্ডারদের সাথে ইতিবাচক সম্পর্ক স্থাপনের মাধ্যমে পরিবেশ ও স্থানীয় সম্প্রদায়ের কল্যাণে কাজ করে থাকে।

অনুমোদনের তারিখ:	৫/২/২০১৩	নবায়নের তারিখ:	১/১/২০১৭
রিভিশন নং:	০২	বাস্তবায়নের তারিখ:	৫/২/২০১৩





Bodystretch Bangladesh Ltd.



সমাজের প্রতি যত্নশীল ও সেবামূলক কার্যক্রম পরিচালনার নিমিত্তে নিম্নোক্ত কাজগুলি করে থাকে:

- সমাজ এবং স্থানীয় সম্প্রদায়ের প্রতি প্রতিশ্রুতিবদ্ধ।
- মসজিদ নির্মাণে আর্থিক সহযোগীতা, স্পন্সরশীপ, এতিম খানায় চাউল ও অন্যান্য অনুদান, সাংস্কৃতিক ও সাম্প্রদায়িক কর্মকাণ্ডে অংশগ্রহণ এবং সর্বোপরি পরিবেশ সুরক্ষায় অবদান রাখে।
- শিক্ষা ব্যবস্থার উন্নয়নে স্পন্সরশীপের মাধ্যমে অবদান রেখে চলেছে।
- সমাজের সুবিধা বঞ্চিতদের সাহায্যার্থে বিভিন্ন কর্মসূচী গ্রহণ করে থাকে।
- কারখানায় কর্মরত সকল শ্রমিককে সমাজসেবামূলক কাজে স্বেচ্ছাসেবী হিসাবে কাজ করতে অনুপ্রাণিত করা।
- সংখালঘু / আংশিক প্রতিবন্ধীদের জন্য কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি।

নীতিমালা :

বডিস্ট্রেচ বাংলাদেশ লি: এর অবশ্যই পালন করতে হবে নিম্নলিখিত বিষয়াবলী:

- সক্রিয়ভাবে সমাজের বৃহত্তর স্বার্থে এবং স্থানীয় সম্প্রদায়ের অর্থনৈতিক উন্নয়ন বিবেচনা করতে হবে।
- সমাজের উপর ইতিবাচক প্রভাব বৃদ্ধি এবং নেতিবাচক প্রভাব হ্রাস করতে হবে।
- নৈতিক এবং আইনগতভাবে সমাজের সেবা করতে হবে।
- একটি টেকসই বিশ্ব গঠনে অবদান রাখতে হবে।
- সামাজিক কর্মকাণ্ডে টেকসই উন্নয়নে অবদান রাখতে হবে।
- পরিবেশবান্ধব উপায়ে ব্যবসায়িক কর্মকাণ্ড পরিচালনা করতে হবে।
- সামাজিক প্রভাবসমূহ বিবেচনার মাধ্যমে পরিবেশের উপর ফলাফলসমূহ বিবেচনা করতে হবে।
- আন্তর্জাতিক শ্রমনীতি অনুশীলন করে ব্যবসায়িক কার্যক্রম পরিচালনা করতে হবে।
- পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা সুনিশ্চিত করতে হবে সুষ্ঠু কর্মপরিবেশ বজায় রাখার নিমিত্তে।
- সকল শ্রমিক-কর্মচারীদের মধ্যে ইতিবাচক মনোভাব তৈরী করতে হবে।
- ব্যবস্থাপনা এবং সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে দয়িত্বসমূহের সমন্বয় করতে হবে।
- আইনের শাসন মেনে চলতে হবে।
- কোনরূপ অসদুপায়, ঘুষ, দুর্নীতি এড়িয়ে চলতে হবে।

অনুমোদনের তারিখ:	৫/২/২০১৩	নবায়নের তারিখ :	১/১/২০১৭
রিজিস্ট্রেশন নং:	০২	বাস্তবায়নের তারিখ :	৫/২/২০১৩



Head Office: 4-A&B (4th floor) Plot # 30 Sonargaon Janapath Road, Sector # 11, Uttara, Dhaka-1230, Bangladesh.

Tel : +8802- 7914412, +8802-8991729, Fax : +8802-8991029

Factory : Plot # 80, Tengury, Zirani Bazar, P.O.: BKSP, P.S. Ashulia, Savar, Dhaka, Bangladesh

E-mail : bangladesh@bodystretch.com http : //www.bodystretch.com



